

বিজ্ঞপ্তি


নং- ২২২৮ তাং- ২২/০৩/২০১৭

বিগত ৩১/০১/২০১৭ তারিখের ১২.০১.০০.০০.৩৮.১১.০০৬.২০১৫-১১৬৪ নং স্মারকে “দৈনিক ইত্তেফাক, দৈনিক সংবাদ” ও দৈনিক জনকণ্ঠ” পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে উপসহকারী কৃষি কর্মকর্তা (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত) নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত আহ্বান করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আই,বি,এ এর মাধ্যমে লিখিত পরীক্ষা গ্রহণ করার পূর্বে যাচাই-বাছাইয়ের লক্ষ্যে নিম্নবর্ণিত সনদ ও অন্যান্য কাগজপত্র ১ (এক) কপি মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫ বরাবরে সরকারী ডাক/কুরিয়ার সার্ভিস যোগে আবশ্যিকভাবে আগামী ২৩/০৩/২০১৭ খ্রি. হতে ১৬/০৪/২০১৭ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে পৌছাতে হবে।

সনদপত্র ও কাগজপত্রাদি

- ১। ইতোপূর্বে ডাউনলোডকৃত Applicant's copy এর ফটোকপি দাখিল করতে হবে।
- ২। শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
 - ক) এসএসসি
 - খ) কৃষি ডিপ্লোমা সার্টিফিকেট।
- ৩। সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি।
- ৪। সরকারী প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূলকপি।
- ৫। জাতীয় পরিচয় পত্র/স্মার্ট কার্ড/জন্ম নিবন্ধন সনদের যে কোন একটির সত্যায়িত ফটোকপি।
- ৬। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা কিংবা পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা কোটার স্বপক্ষে সকল সনদ পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্কের প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ৭। স্ব-স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
- ৮। অনলাইনে আবেদনের সাথে দাখিলকৃত ছবির অবিকল পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি।

বিঃ দ্রঃ ছবি ও কাগজপত্র প্রথম শ্রেণী সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সত্যায়নকারী কর্মকর্তার নামসহ সীলমোহর থাকতে হবে। খামের উপর “মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত উপ সহকারী কৃষি কর্মকর্তা নিয়োগ-২০১৭” লিখতে হবে।


মোঃ মোয়াজ্জেম হোসেন
উপ পরিচালক (পার্সোনেল)
ও
সদস্য সচিব
বিভাগীয় বাছাই ও নির্বাচন কমিটি
ফোন-৮১২১১৭৮

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ : উপ সচিব (সম্প্রসারণ)।
- ২। উপ পরিচালক (আইসিটি ব্যবস্থাপনা), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। (ডিএই'র ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ডিএই, খামারবাড়ি, ঢাকা।
- ৪। ডেপুটি জেনারেল ম্যানেজার (ভিএএস), দৃষ্টি আকর্ষণঃ মোহাম্মদ আতিকুল্লাহ, এক্সিকিউটিভ অফিসার, ভিএএস, টেলিটক বাংলাদেশ লিঃ, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, লেভেল-১৩, হোল্ডিং নম্বর-৩/এ, ৫/এ, ৭/এ, রোড নং-১৭, গুলশান-১, ঢাকা-১২১২।